

## ফিলিপিনে ইফুগাঁও এ অবসরে

ফিলিপিনে ইফুগাঁও এ ব্যানাইটক হোটেলের করিডোরে  
দিনের শেষে বসে ছিলাম কফি হাতে, অবসরে-  
সন্ধ্যা ওই ধীর গতিতে দিগন্ত থেকে আসছিল ফিরে  
সূর্যের সাথে মনের কতো গোপন কথা সেরে !

অনন্ত আকাশের গোটা দিগন্ত ক্রমশ যাচ্ছিল ভ'রে  
হাল্কা আলোর অন্ধকারে-  
সন্ধিক্ষণের পরশ লেগেছিল যেন  
প্রকৃতির অন্তরে অন্তরে ।

নদীর ওপার থেকে হালকা গান আসছিল ভেসে  
দিগন্তের দিকে দিকে আকাশে বাতাসে  
সন্ধ্যার কতো সঙ্গীও আসছিল কেমন  
ভরা মেঘ আর বৃষ্টির আবছা কালোর বেশে ।

দূরের পাহাড় দাঁড়িয়ে ছিল-নির্বিকার, নির্ভয়  
যদিও বনে জঙ্গলে প্রাণের ফাঁকে ফাঁকে  
কারা যেন সশব্দে হেসে ওঠেছিল-  
কলরব ক'রে ডেকে ।

ধানের ক্ষেতে শীঘ্রের দোলায় কতো প্রাণের কথা  
ভরা যৌবনে বিস্তৃত প্রান্তরে প্রাণে প্রাণে আকুলতা  
প্রকৃতির প্রান্তরে প্রকৃতির খুসী দেখতে পেলাম এসে  
ফিলিপিন দেশে মনের নিঃত্বে ব্যানাইটক হোটেলে বসে ।

আমার সাথে প্রকৃতির আলাপ নাই বা হ'ল ব্যাপক  
কি এসে যায় তাতে  
চোখের দেখায় মনের বোঝায় প্রকৃতির প্রান্তরে প্রান্তরে  
সতেজ সুখ সমৃদ্ধ এতো, এতো আনন্দ যাতে !